
258

আজকের কাগজ

তারিখ 21 SEP 1995

পৃষ্ঠা ৬ কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ যেভাবে যাত্রা শুরু




*১৯২১ সাল থেকে বিভিন্ন সময়ে ব্যবহৃত ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম ও সিল*

চৌধুরী আফতাবুল ইসলাম ঃ পঁচাত্তর বছর পূর্ণ হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের। প্রাচ্যের অক্সফোর্ড বলে খ্যাত এ বিশ্ববিদ্যালয় পেছনে ফেলে এলো গৌরবোজ্জ্বল অনেক ঘটনা, অনেক স্মৃতি। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের ফলশ্রুতিতে বাংলার পূর্বাঞ্চলের সংখ্যাগরিষ্ঠ মুসলমানদের শিক্ষা-দীক্ষার সুযোগ সম্প্রসারণের জন্যেই এ বিশ্ববিদ্যালয়ের গোড়াপত্তন হয়েছিলো। পূর্বাঞ্চলের মানুষের দাবির মুখে ১৯১২ সালের ২৭ মে বঙ্গ সরকার নতুন এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাবনা প্রকাশ করে আর নাথিয়েল বার অ্যাট ল'কে প্রধান করে তেরো সদস্যের একটি কমিটি গঠন করে দেয় এ সংক্রান্ত সুপারিশমালা তৈরির জন্যে। ওই বছরই নাথান কমিটি তাদের রিপোর্ট জমা দেয়। এতে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার খরচ দেখানো হয় ৫৩ লাখ টাকা এবং বাড়তি খরচ হিসেবে ১২ লাখ টাকা বরাদ্দ রাখার সুপারিশ করা হয়। কিন্তু ১৯১৫ সালে অর্থ সংকটের দোহাই দেখিয়ে খরচ নির্ধারণ করা হয় ১১ লাখ ২৫ হাজার টাকায়। এরপর পরবর্তী কয়েক বছরে বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের কাজ আর এগোয়নি। অবশেষে ১৯২০ সালে ভারতীয় আইন পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয় এ্যাক্ট (নং-ঙঅঅঅ) অনুমোদন করলে ওই বছরেরই ২৩ মার্চ গভর্নর জেনারেল তাতে সম্মতি জানান। ওই বিশ্ববিদ্যালয় এ্যাক্টে বলা হয়েছিলো, 'টু এস্টাবলিশ এন্ড ইনকোরপোরেট এ ইউনিটারি টিচিং এন্ড রেসিডেন্সিয়াল ইউনিভার্সিটি এ্যাট ঢাকা।' ১৯২১ সালের ১ জুলাই কলা, বিজ্ঞান এবং আইন এ তিনটি অনুষদ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় তার যাত্রা শুরু করে। যাত্রালগ্নে বিশ্ববিদ্যালয়ে ছিলো মোট ১২টি বিভাগ ঃ (১) ইংরেজি, (২) বাংলা ও সংস্কৃতি, (৩) আরবী ও ইসলামী শিক্ষা, (৪) পার্সী ও উর্দু, (৫) ইতিহাস, (৬) অর্থনীতি এবং রাজনীতি, (৭) দর্শন, (৮) গণিত, (৯) পদার্থ বিজ্ঞান, (১০) রসায়ন, (১১) আইন এবং (১২) শিক্ষা। বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য ছিলেন পি. জে হার্টোগ। সর্বমোট ৬০ জন শিক্ষক দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয়েছিলো। প্রথম বর্ষেই বিশ্ববিদ্যালয়ে মোট ৮৭৭ জন ছাত্র ভর্তি হয়েছিলো। হল ছিলো ৩টি- ঢাকা হল, জগন্নাথ হল এবং মুসলিম হল। প্রথম পর্যায়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেতন স্কেল ছিলো ঃ অধ্যাপক- ১০০০-১৮০০, রিডার ৭০০-১২০০, প্রভাষক ২৫০-৫০০, সহকারি প্রভাষক ১২৫-২৫০ রুপী। কিন্তু বাজেট ঘাটতির কারণে এ বেতনক্রম কমিয়ে করা হয় অধ্যাপক ১০০০-১২৫০, রিডার ৬০০-৮০০, প্রভাষক ২৫০-৪০০, সহকারি প্রভাষক (বিজ্ঞান) ১২৫-২৫০, সহকারি প্রভাষক ১২৫-২৫০ রুপী। উপাচার্যের বেতন নির্ধারিত হয় ২৫০০ রুপী। বর্তমান ঢাকা মেডিকেল কলেজেই বিশ্ববিদ্যালয়ের প্রথম কাজ শুরু হয়। ঢা.বি.র প্রথম একাডেমিক কাউন্সিল গঠিত হয়েছিলো ১৯ জন সদস্যকে নিয়ে ঃ (১) পি জে হার্টোগ, (২) এএন ওয়াহেদ, (৩) এএফ রহমান, (৪) অধ্যাপক জে সি ঘোষ, (৫) অধ্যাপক ডব্লু এ জেনকিনস, (৬) অধ্যাপক এইচএম হন্ট, (৭) অধ্যাপক জি এইচ ল্যাংলি, (৮) অধ্যাপক আর সি মজুমদার, (৯) অধ্যাপক এনসি সেনগুপ্ত, (১০) অধ্যাপক বিএম সেন, (১১) এফ সি টার্নার, (১২) সি এন ওরেন, (১৩) অধ্যাপক এইচ পি শাস্ত্রী, (১৪) ফিদা আলি খান, (১৫) এস এন বোস, (১৬) এম পি ওয়েস্ট, (১৭) রাজেন্দ্রলাল দে, (১৮) শহীদুল্লাহ এবং (১৯) মাহমুদ হাসান। ১৯২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (ডাসু) গঠন করা হয়। ১৯৫৪ সালে এর নাম পরিবর্তন করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) রাখা হয়।

সেদিনকার সেই ছোট্ট পরিসরে গঠিত বিশ্ববিদ্যালয় আজ এক বিশাল মহীরুহ। এ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী সংখ্যা এখন প্রায় ৩০ হাজার। শিক্ষক প্রায় ১২শ'। প্রাচ্যের অক্সফোর্ড ঢাকা বিশ্ববিদ্যালয় তার সেই অতীত গৌরব নিয়ে আগামী দিনেও যাতে ঠিক মাথা উঁচু করে দাঁড়িয়ে থাকতে পারে তা নিশ্চিত করার দায়িত্ব এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ও ছাত্রছাত্রীর।